গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০১৬.০৬.০০৪.১৮(অংশ-২).১৭৬

তারিখ ২১ আশ্বিন ১৪২৯ ব:
০৬ অক্টোবর ২০২২ খ্রি:

**বিষয়: আগস্ট ২০২২ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোস্তফা কামাল<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় |
| তারিখ | : | ২৮-০৯-২০২২ খ্রি: |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-কঃ সভায় উপস্থিত কর্মকর্তাগণ।
পরিশিষ্ট-খঃ সভায় ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত অন্যান্য কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | গত ২৫-০৮-২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকলে অনুমোদন করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করেন। | গত ২৫-০৮-২০২২ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | – |
| ২. | **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপনের কর্মসূচি** | যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে নৌপরিবহন মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা কর্তৃক যে সমস্ত কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে সেগুলোর সমন্বিত প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশের লক্ষ্যে কমিটি কর্তৃক কতিপয় তথ্য- | দ্রুত সমন্বিত প্রতিবেদন প্রণয়নপূর্বক প্রকাশ করতে হবে। | উপসচিব (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপাত্ত চেয়ে গত ১৭-০৯-২০২২ তারিখে পত্র দেয়া হয়েছে। প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশের কার্যক্রম চলমান।<br><br>সভাপতি দ্রুত সমন্বিত প্রতিবেদন প্রণয়নপূর্বক প্রকাশের জন্য কমিটিকে নির্দেশনা প্রদান করেন।<br><br>উপসচিব (নৌশিক্ষা ও প্রশিক্ষণ) সভাকে জানান যে, চুক্তি ভিত্তিক যানবাহন ব্যবহারের নিমিত্ত এ মন্ত্রণালয় হতে গত ১৪-০৯-২০২২ তারিখে যথাক্রমে মেরিন একাডেমি, পাবনার জন্য ১টি জীপ ও ২টি মাইক্রোবাস, মেরিন একাডেমি, বরিশালের জন্য ১টি জীপ ও ২টি মাইক্রোবাস, মেরিন একাডেমি, সিলেটের জন্য ১টি জীপ ও ২টি মাইক্রোবাস এবং মেরিন একাডেমি রংপুরের জন্য ১টি জীপ, ২টি মাইক্রোবাস ও ১টি অ্যাম্বুলেন্স-এর প্রশাসনিক অনুমতি প্রদান করা হয়েছে। | | |
| ৩. | **বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি** | উপসচিব (সুশাসন) জানান যে দপ্তর ও সংস্থার APA টিম প্রতিমাসে নিয়মিত সভা করছেন। এপিএ টিম এপিএ-এর লক্ষ্যমাত্রা পূরণের নিমিত্ত মনিটরিংসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করছেন।<br>সভায় মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার ২০২১-২২ সালের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ফলাফল উপস্থাপন করা হয়। সভাপতি অর্জিত সাফল্য'র জন্য এপিএ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং চলমান এপিএ'তে পূর্ণ নাম্বার অর্জনের লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য | ১. এপিএ-তে স্থিরকৃত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থার এপিএ টিম নিয়মিত সভা করবে। দপ্তর ও সংস্থা প্রধানগণ বিষয়টি নিশ্চিত করবেন।<br>২. ২০২২-২৩ সালে সকল এপিএ'তে মন্ত্রণালয়ের মধ্যে শীর্ষ ১০-এর মধ্যে স্থান করে নিতে সংশ্লিষ্ট সকল | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br><br>২. উপসচিব (সুশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এপিএ টিম লিডারকে পরামর্শ প্রদান করেন।<br><br>একইভাবে সভায় দপ্তর/সংস্থাসমূহের ২০২১-২২ সালের ফলাফল বিশ্লেষণ করা হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মুল্যায়নে দপ্তর/সংস্থার মধ্যে প্রথম, দ্বিতীয়, এবং তৃতীয় স্থান অর্জনকারী যথাক্রমে বিআইডব্লিউটিএ, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ এবং বিএসসি-কে অভিনন্দন জানানো হয়। সার্বিক পর্যালোচনায় অন্যান্য দপ্তর সংস্থার ফলাফল কাংঙ্খিত পর্যায়ে উন্নীত করতে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রধানকে অধিকতর মনযোগী হওয়ার পরামর্শ প্রদান করা হয়।<br><br>সভাপতি বলেন যে ২০২২-২৩ সালের এপিএ'তে সকল মন্ত্রণালয়ের মধ্যে শীর্ষ ১০-এ স্থান করে নিতে সংশ্লিষ্ট কর্মপরিকল্পনাসমূহের যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে দপ্তর/সংস্থা প্রধানগণ প্রতিমাসে সংশ্লিষ্ট ফোকাল্ট পয়েন্ট কর্মকর্তাদের সাথে অগ্রগতি পর্যালোচনা বৈঠক করবেন এবং মন্ত্রণালয়ের এপিএ বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা বাস্তবায়নকারী দপ্তর/সংস্থার সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করবে। এক্ষেত্রে কোন সমস্যার উদ্ভব হলে তা তাৎক্ষণিক সংস্থা প্রধান/এপিএ টিম লিডারের গোচরীভূত করার জন্য নির্দেশনা প্রদান করেন। | কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>৩. দপ্তর/সংস্থাপ্রধানগণ এপিএ'র যথাযথ বাস্তবায়নে প্রতিমাসে সংশ্লিষ্ট ফোকাল্ট পয়েন্ট কর্মকর্তাদের সাথে অগ্রগতি পর্যালোচনা বৈঠক করবেন।<br>৪. মন্ত্রণালয়ের এপিএ'র বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা বাস্তবায়নকারী দপ্তর/ সংস্থার সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করবে এবং কোন সমস্যার উদ্ভব হলে তাৎক্ষণিক সংস্থা প্রধান/ এপিএ টিম লিডারের গোচরীভূত করতে হবে। | |
| ৪. | **ই-নথি ব্যবস্থাপনা, ইনোভেশন এবং ওয়েবসাইট হালনাগাদকরণ** | **<u>ই-নথি ব্যবস্থাপনাঃ</u>**<br>সিস্টেম এনালিস্ট জনাব জি এম ফয়সাল আহমদ মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থাসমূহের ই- | ক. ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ৮৫% ফাইল ই- | ক. দপ্তর ও সংস্থা প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নথি কার্যক্রমের মাসিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি বলেন যে, ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ৮৫% ফাইল ই-নথিতে সম্পাদন নিশ্চিত করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ওয়েবসাইটে সেবা বক্সগুলো নির্ধারিত লোগো/তথ্য অনুযায়ী হালনাগাদ রাখতে হবে।<br>সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ই-নথিতে নথি বা কার্যসম্পাদনে সচেষ্ট থাকার জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন। | নথিতে সম্পাদন নিশ্চিত করতে হবে।<br>খ. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ওয়েবসাইটে সেবা বক্সগুলো নির্ধারিত লোগো/তথ্য অনুযায়ী হালনাগাদ রাখতে হবে। | খ. সিস্টেম এনালিস্ট, নৌপম |
| ৫. | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | উপসচিব (অডিট ও আইন) সভায় জানান যে গত ১৫-০৯-২০২২ তারিখে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থসমূহের ৪৯৭টি সাধারণ অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এছাড়া, ৯১৯টি অগ্রিম অডিট আপত্তি ও ১৩৫টি খসড়া অডিট আপত্তিসহ মোট ১৫৫১টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এগুলোর সাথে ৩০৬৭১.৩৫ কোটি টাকা জড়িত আছে। তিনি আরো বলেন যে চবক-এর ৬টি, মোবক-এর ৯টি, বাস্হবক-এর ২টি এবং বিএসসি'র ১টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। তিনি আরো জানান যে বিআইডব্লিউটিসি'র সবচেয়ে বেশি অডিট আপত্তি রয়েছে। তাদের প্রয়োজনীয় কাগজপত্র ও প্রমাণাদি যথাযথ সময়ে প্রদান না করায় অডিট আপত্তিসমূহ নিষ্পত্তি করা যাচ্ছে না।<br>এ পরিপ্রেক্ষিতে চেয়ারম্যান বিআইডব্লিউটিসি বলেন যে তিনি এ বিষয়ে দ্রুত উদ্যোগ গ্রহণ করবেন। | ১. বিআইডব্লিউটিসি'র অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি<br>২. সকল দপ্তর/ সংস্থা প্রধান ও উপসচিব (অডিট ও আইন) অধিশাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভাপতি বিআইডব্লিউটিসি'র অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য চেয়ারম্যান বিআইডব্লিউটিসি-কে নির্দেশনা প্রদান করেন। এছাড়া অডিট আপত্তির নিষ্পত্তির বিষয়টি তদারকি করার জন্য দপ্তর/সংস্থা প্রধানগণকে অনুরোধ জানান। | | |
| ৬. | **দেওয়ানি মামলা সংক্রান্ত তথ্য** | উপসচিব (অডিট ও আইন) জানান যে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মোট দায়েরকৃত মামলার সংখ্যা ৪৬৫টি। ৪৪৩টির জবাব দাখিল করা হয়েছে। ২০টির জবাব দাখিল করা হয়নি। সরকারের পক্ষে বিআইডব্লিউটিএ'র ৮টি মামলা নিষ্পত্তি হয়েছে। সভাপতি রিট ও দেওয়ানি মামলাসমূহের জবাব যথাসময়ে প্রদান এবং নিষ্পত্তির জন্য দপ্তর/সংস্থাসমূহের প্রধানগণকে অনুরোধ জানান। | মামলা নিষ্পত্তির জন্য প্রয়োজনে আইনজীবী নিয়োগ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br><br>২. উপসচিব (অডিট ও আইন) অধিশাখা। |
| ৭. | **তথ্য অধিকার আইন (আরটিআই)** | উপসচিব (এপিএ) সভায় জানান যে সেবা গ্রহীতাগণের তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হচ্ছে এবং ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।<br><br>সভাপতি জানতে চান যে, তথ্য প্রেরণ করা হয়নি এমন কোন আবেদন আছে কিনা। তৎপ্রেক্ষিতে সিনিয়র সহকারী সচিব (জাহাজ) জানান যে এ ধরণের কোন আবেদন নেই।<br><br>সভাপতি মন্ত্রণালয়, দপ্তর/সংস্থায় তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য অনুরোধ জানান। | ১. সেবা গ্রহীতাগণের তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।<br><br>২. এ বিষয়ে নিয়মিত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ/ ওয়েবসাইট নিয়মিত আপলোড করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br><br>২. মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ সিনিয়র সহকারী সচিব (জাহাজ)। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. | **বিবিধ:**<br>**৮.১ মন্ত্রণালয়ের কক্ষসমূহের সংস্কার কার্যক্রম** | সভায় জানানো হয় যে, মন্ত্রণালয়ের সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জা, ভিডিও ও সাউন্ড সিস্টেম স্থাপনসহ আনুষংগিক অন্যান্য কাজের জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ৩য় দরপত্র প্রকাশ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।<br>সভাপতি দ্রুততম সময়ের মধ্যে কাজ বুঝিয়ে দেয়ার জন্য চবক-কে অনুরোধ জানান। | (ক) ৩য় দরপত্রের কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>(খ) অবশিষ্ট কাজ দ্রুত শেষ করতে হবে। | প্রশাসন শাখা ও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। |
| | ৮.২ ক্যাডার সার্ভিসের নাম পদবি ব্যবহার সংক্রান্ত | যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান যে, পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে চবক, মোবক, পাবক ও বাস্হবক-এর প্রস্তাব পর্যালোচনার নিমিত্ত গত ০৫-০৯-২০২২ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক বন্দরসমূহের পদনাম/পদবি পরিবর্তনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>ইতোমধ্যে জাতীয় নদী রক্ষা কমিশনের প্রস্তাব গত ০৭-০৯-২০২২ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে।<br>বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক জানান, কর্পোরেশনের কর্মচারী প্রবিধানমালায় "সচিব" পদবী রয়েছে। এ প্রসঙ্গে বিস্তারিত পর্যালোচনাক্রমে উক্ত পদবী পরিবর্তন করে প্রস্তাব দাখিলের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সভাপতি বন্দরসমূহের পদনাম/পদবি পরিবর্তনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | ১. গত ০৫-০৯-২০২২ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক বন্দরসমূহের পদনাম/পদবি পরিবর্তনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>২. বিএসসি'র অর্গানোগ্রাম অনুযায়ী পদবী "কোম্পানী সেক্রেটারি" করার জন্য প্রস্তাব দাখিল করতে হবে। | ১. প্রশাসন অনুবিভাগ/ চেয়ারম্যান, চবক, মোবক, পাবক ও বাস্হবক<br>২. এমডি, বিএসসি |

| | | | | |
|---|---|---|---|---|
| | **৮.৩ বিআইডব্লিউটিএর ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ সংক্রান্ত।** | অতিরিক্ত সচিব (সংস্থা-১) সভাকে অবহিত করেন যে বিআইডব্লিউটিএ'র সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে গত ২১-০৮-২০২২ তারিখে তার সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ঢাকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামের মোট ৭টি ঘাট/পয়েন্ট ইজারা সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি বিষয়ে তথ্য-উপাত্ত পর্যালোচনা করা হয়েছে। এ ৭টি ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সহসাই কমিটির প্রতিবেদন দাখিল করা হবে।<br><br>সভাপতি প্রতিবেদন পেশ করার জন্য কমিটিকে নির্দেশনা প্রদান করেন। | বিআইডব্লিউটিএ'র বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে কমিটি দ্রুত প্রতিবেদন পেশ করবেন। | চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ/ উপসচিব(টিএ) |
| | **৮.৪ বিভাগীয় মামলার তথ্য প্রেরণ।** | উপসচিব (প্রশাসন) জানান যে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন নৌপরিবহন অধিদপ্তরের চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার জনাব এ কে এম ফখরুল ইসলাম, চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার জনাব এস এম নাজমুল হক, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার জনাব মির্জা সাইফুল রহমান-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা রয়েছে। দপ্তর/সংস্থাপ্রধানগণ তাদের বিভাগীয় মামলার বিষয়টি দ্রুত নিষ্পত্তি করা হবে মর্মে সভাকে অবহিত করেন।<br><br>সভাপতি দ্রুত সময়ের মধ্যে বিভাগীয় মামলা নিষ্পত্তি করতে হবে মর্মে নির্দেশনা প্রদান। | ক. দপ্তর ও সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা এ মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখা থেকে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>খ. দ্রুত সময়ের মধ্যে বিভাগীয় মামলা নিষ্পত্তি করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br><br>২. প্রশাসন-১ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | **৮.৫ অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ।** | যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান যে দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থাপ্রধানগণ সভাকে অবহিত করতে | সকল দপ্তর ও সংস্থার অনিষ্পন্ন বিষয়গুলো দ্রুত নিষ্পন্ন করতে হবে। | ১. মন্ত্রণালয়<br><br>২. দপ্তর ও সংস্থা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পারেন। দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থাপ্রধানগণ সভাকে অবহিত করেন।<br><br>সভাপতি দপ্তর ও সংস্থার অনিষ্পন্ন বিষয়গুলো দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য দপ্তর ও সংস্থা প্রধানগণকে অনুরোধ করেন। | | |
| | ৮.৬ ইউক্রেন যুদ্ধে ক্ষতিগ্রস্থ বিএসসি'র জাহাজ সম্পর্কে আলোচনা | যুগ্মসচিব (প্রশাসন) ইউক্রেন যুদ্ধে ক্ষতিগ্রস্থ বিএসসি'র এম ভি বাংলার সমৃদ্ধি জাহাজের সর্বশেষ অবস্থা এমডি, বিএসসি-কে সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ জানান। এ পরিপ্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি জাহাজটির বিষয়ে সর্বশেষ প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।<br><br>সভাপতি ইউক্রেন যুদ্ধে ক্ষতিগ্রস্থ জাহাজের কার্যক্রমের বিষয়ে একটি প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | ইউক্রেন যুদ্ধে ক্ষতিগ্রস্থ বিএসসি'র জাহাজ এম ভি বাংলার সমৃদ্ধি জাহাজের গৃহীত কার্যক্রমের বিষয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | বিএসসি/ উপসচিব (বিএসসি) |
| | ৮.৭ মোবক কর্তৃক বাস্তবায়নাধীন “মোংলা বন্দরের সক্ষমতা বৃদ্ধিকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ প্রসঙ্গে। | চেয়ারম্যান, মোবক জানান যে ভারতীয় ৩য় এলওসি'র অর্থায়নে মোবক কর্তৃক বাস্তবায়নাধীন “মোংলা বন্দরের সক্ষমতা বৃদ্ধিকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় একজন নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ প্রদানের জন্য মন্ত্রণালয় হতে গত ২৬-০৭-২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ করছেন। এখনো কোন কর্মকর্তা পদায়ন করা হয়নি। | একজন নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, মোবক/ উপসচিব (উন্নয়ন-১) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভাপতি উল্লিখিত প্রকল্পের জন্য একজন নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ প্রদানের জন্য যোগাযোগ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | | |
| | ৮.৮ পাবক-এর পরিচালক (অর্থ) পদে নিয়োগ প্রসঙ্গে। | চেয়ারম্যান, পাবক জানান যে পরিচালক (অর্থ) পদটি জরুরি ভিত্তিতে পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এখনো কোন কর্মকর্তা পদায়ন করা হয়নি।<br><br>সভাপতি উল্লিখিত পদটি জরুরি ভিত্তিতে পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | পরিচালক (অর্থ) পদটি জরুরি ভিত্তিতে পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ করতে হবে। | চেয়ারম্যান, পাবক/ উপসচিব (পাবক) |
| | ৮.৯ মন্ত্রণালয়ের ২০২২-২৩ সালের বাজেট বাস্তবায়ন ও অডিট প্রতিবেদন প্রকাশ সংক্রান্ত। | উপসচিব (বাজেট) সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে পরিচালন এবং উন্নয়ন বাজেটের ক্রয় পরিকল্পনা ইতঃমধ্যে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। তিনি সংশ্লিষ্ট সকলকে ক্রয় পরিকল্পনা অনুসারে কার্যক্রম বাস্তবায়নের অনুরোধ জানান এবং প্রতি প্রান্তিকের বাস্তবায়ন প্রতিবেদন পরবর্তী মাসের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ জানান। এছাড়া সভায় তিনি দ্রুততম সময়ের মধ্যে দপ্তর/সংস্থার ২০২১-২২ সালের আর্থিক বিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ জানান।<br><br>সভাপতি বলেন যে, ক্রয় পরিকল্পনা অনুসারে বাজেট বাস্তবায়ন করতে হবে। প্রতি ত্রৈমাসিক সমাপ্তির পরবর্তী মাসের মধ্যে বাস্তবায়ন প্রতিবেদন দিতে হবে। তিনি দ্রুততম সময়ে পূর্ববর্তী বছরের অডিট প্রতিবেদন প্রকাশ করার জন্য দপ্তর/সংস্থা প্রধানগণকে নির্দেশনা প্রদান করেন। | ১. ক্রয় পরিকল্পনা অনুসারে বাজেট বাস্তবায়ন করতে হবে।<br>২. প্রতি ত্রৈমাসিক সমাপ্তির পরবর্তী মাসের মধ্যে বাস্তবায়ন প্রতিবেদন দিতে হবে।<br>৩. দ্রুততম সময়ে পূর্ববর্তী বছরের আর্থিক প্রতিবেদন প্রকাশ করতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৮.১০ চবক-এর সদস্য (প্রশাসন ও প্ল্যানিং) এবং আইন কর্মকর্তা পদে নিয়োগ প্রসঙ্গে। | চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বলেন যে, চবক-এর সদস্য (প্রশাসন ও প্ল্যানিং) পদে নিয়োজিত কর্মকর্তা অবসরে যাচ্ছেন এবং আইন কর্মকর্তা উচ্চতর পদে পদোন্নতি পেয়ে অন্যত্র বদলি হয়েছেন। বিধায় উক্ত পদ ২টি শূন্য হয়েছে। দাপ্তরিক কাজের প্রয়োজনে উক্ত পদ ২টি পূরণ করা প্রয়োজন।<br><br>সভাপতি উল্লিখিত পদ ২টি পূরণের নিমিত্ত প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | চবক-এর সদস্য (প্রশাসন ও প্ল্যানিং) এবং আইন কর্মকর্তা পদ ২টি পূরণের জন্য প্রস্তাব প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, চবক/উপসচিব (প্রশাসন)/ সিনিয়র সহকারী সচিব (চবক) |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
৪-১০-২০২২
(মোঃ মোস্তফা কামাল)
সচিব

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০১৬.০৬.০০৪.১৮(অংশ-২).১৭৬

তারিখ ২১ আশ্বিন ১৪২৯ ব: / ০৬ অক্টোবর ২০২২ খ্রি:

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/চবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/মোবক/বাস্থবক/পাবক।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৪। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
৫। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম/বরিশাল/পাবনা/সিলেট ও রংপুর।
৬। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
৭। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৮। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০।
৯। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০৬/১০/২২
(মোছাঃ নাজমুন নাহার)
উপসচিব (সংসদ ও সমন্বয়)

অনুলিপি:

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/বন্দর/উন্নয়ন/সংস্থা-১/সংস্থা-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।